বিরোধীদল দেশকে অস্থিতিশীল করতে চায়: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, বাজেট নিয়ে বিরোধী দলের সমালোচনা আসলে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। যেকোনো বাজেটেই তারা বিরোধিতা করে, এমনকি ট্যাক্স কমানো বা কিছু পণ্যের দাম সমন্বয় হলেও তা তারা গ্রহণ করে না।

শনিবার (১৩ জুন) কক্সবাজারের পিএমখালী ইউনিয়নে পাতলী খাল পুনঃখনন কার্যক্রম উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, বাজেট ঘোষণার পর নিত্যপণ্যের দাম বাড়বে—এমন একটি ধারণা তৈরি হলেও এবার এখনো কোনো নিত্যপণ্যের দাম বাড়েনি। চাল, ডাল, তেল, লবণসহ বিভিন্ন পণ্যের ওপর আগের শুল্ক কমানো বা প্রত্যাহার করা হয়েছে যাতে মানুষের জীবনযাত্রার ব্যয় চাপ কমে।

প্রধানমন্ত্রী আরও বলেন, সরকারের নীতির অংশ হিসেবে ক্ষতিকর পণ্যের ওপর কর বাড়ানো হলেও সাধারণ ভোগ্যপণ্যে কর কমানো হয়েছে। তিনি দাবি করেন, সরকারের লক্ষ্য মানুষের জীবনমান স্থিতিশীল রাখা।

বিরোধী দলের ভূমিকা নিয়ে তিনি বলেন, তাদের উদ্দেশ্য জনগণের পাশে দাঁড়ানো নয়, বরং অস্থিতিশীলতা সৃষ্টি ও বিভ্রান্তি ছড়ানো। পাশাপাশি আগামী পাঁচ বছরে ২০ হাজার কিলোমিটার খাল পুনঃখননের পরিকল্পনার কথাও তিনি জানান। এছাড়া নারীদের শিক্ষায় অগ্রগতির অংশ হিসেবে স্নাতক পর্যন্ত শিক্ষা বিনামূল্যে এবং ভালো ফলাফলের জন্য বৃত্তি ও গ্রামীণ নারীদের জন্য ফ্যামিলি কার্ড কর্মসূচির কথাও তুলে ধরেন।